



পিঁচুটি ভরা চোখ এবং কনজাংকটিভাইটিস

দুইটি আলাদা বিষয়

‘পিঁচুটি ভরা চোখ’ সদ্যোজাত শিশু ও ছোট বাচ্চাদের মধ্যে প্রচলিত যখন তাদের অশ্রুনালাি তৈরি হয়। আপনি চোখের কোণায় পিঁচুটি দেখতে পাবেন অথবা তাদের চোখের পাতা জোড়া থাকতে পারে।

এটা সাধারণত আপনা থেকে পরিষ্কার হয়ে যায়, কিন্তু তাও আপনাকে নিয়মিত ভেজা তুলো দিয়ে আপনার শিশুর চোখ পরিষ্কার করতে হতে পারে। পরিষ্কার, ঠান্ডা করা ফোটানো জল ব্যবহার করুন।



নাকের উপর চোখের কোণা থেকে বাইরের দিকে মুছে উভয় চোখ পরিষ্কার করুন। প্রতিবার মোছার জন্য পরিষ্কার তুলো ব্যবহার করুন। মোছার আগে এবং পরে আপনার হাত ধুতে ভুলবেন না এবং সংক্রমণ ছড়ানো রোধ করার জন্য তোয়ালে অন্যদের দেবেন না।

1.

আপনার শিশুর চোখের কোণায় কী পিঁচুটি আছে এবং তাদের চোখের পাতা কী জোড়া লেগে গেছে মনে হচ্ছে?

2.

পিঁচুটি ভরা চোখ একটি প্রচলিত অসুখ যা অধিকাংশ শিশুর হয়, আপনার স্বাস্থ্যকর্মীর সাথে কথা বলুন।

3.

ঠান্ডা করা ফোটানো জলে তুলো ভিজিয়ে উভয় চোখ পরিষ্কার করুন।

কনজাংকটিভাইটিস

‘পিঁচুটি ভরা চোখের’ লক্ষণগুলি অনেক সময় ‘কনজাংকটিভাইটিস’ নামক সংক্রমণের সাথে গুলিয়ে ফেলা হয়। কনজাংকটিভাইটিস হলে চোখের সাদা অংশ লাল হয়ে যায় এবং নিয়মিত হলুদ বা সবুজ পিঁচুটি বেরিয়ে আসতে থাকে। আপনি এমন দেখলে এবং তা যদি 24 ঘন্টার বেশি থাকে, আপনার স্বাস্থ্যকর্মী বা জিপির সাথে যোগাযোগ করুন। এটা খুব ছোঁয়াচে রোগ, তাই আপনার হাত ধুয়ে নেবেন এবং আপনার শিশুর জন্য আলাদা তোয়ালে ব্যবহার করবেন।

স্বাস্থ্যকর্মীর পরামর্শ

কিছু শিশুর চোখ দিয়ে জল পড়ে। অশ্রুনালাগুলিতে মালিশ করলে অশ্রু পড়ে যেতে পারে যেটা আপনার শিশুর অশ্রুনালাটির উপর দিকে জমেছিল, মালিশ করলে অশ্রুনালাটিরও বিকাশ হবে। এটা করার জন্য আপনার পরিষ্কার তর্জনি দিয়ে হাল্কা চাপ দিন এবং আপনার শিশুর চোখের বাইরের দিকের কোণা থেকে তাদের নাকের দিকে মালিশ করুন। কয়েক মাস ধরে দিনে কয়েক বার মালিশ করুন। এক বছরের বেশি এই সমস্যা থাকলে, আপনার শিশুকে হয়ত একটি চোখের ডাক্তারখানায় পাঠানো হবে চিকিৎসার জন্য। উৎস: NHS চয়েজস

উৎস: DoH 2006.